

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৩, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/০৭ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৪৪-আইন/২০২২।—যেহেতু সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে ০১ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ মোতাবেক ১৭ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর, ও নং ৩২৩ আইন/২০২১ দ্বারা গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন সাদুল্লাপুর পৌরসভা গঠনের লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে, এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব ১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ধারা ৩ এ উপ-ধারা (৩) এর অধীন কোনো আপত্তি উত্থাপিত না হওয়ায় সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৬২২৫)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	বনগ্রাম	জয়েনপুর	২৮	০১-১৭৫৬
(২)		কাজীবাড়ী সন্তোলা	২৯	০১-১৪৬১
(৩)		বুজরুক পাটানোছা	৪০	০১-৫৬৮
(৪)		হবিলাপুর	৩০	০১-১০৩৪
(৫)		খোদ পাটানোছা	৩৯	০১-৮৮৫
(৬)		সাদুল্লাপুর	৪১	০১-২৫৫২
(৭)		মন্দুয়ার	২৭	০১-৫৮৫৪
(৮)		শালাইপুর	২৬	০১-৩০০
(৯)	জামালপুর	হামিন্দাপুর	৪২	০১-১৫৬৫
(১০)		তরফবাজিত	৪৩	০১-১৩২৪
(১১)		দাউদপুর	২১	০১-৬৫১
(১২)		এনায়তপুর	৭৬	০১-১৬৯৩
(১৩)		পাতিলাকুড়া	২০	০১-৫৫৭
(১৪)	কামারপাড়া	পুরান লক্ষিপুর	২৪	১০০১-১৪৮৯
(১৫)		হিয়ালী	২৫	০১-৪৭৮
(১৬)		নুরপুর	১৪	০১-১৪৬২

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারজানা মান্নান
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd